DEC. 1 7 2000

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১৩ কলাম ৫.....

46

# বগুড়া আযিযুল হক কলেজে তালা এখনও খোলেনি

বগুড়া প্রতিনিধি

বগুড়ায় সরকারি আযিযুল হক কলেজে অধ্যক্ষ নিয়োগকে কেন্দ্র করে সৃষ্ট অচলাবস্থার নিরসন হয়নি। কলেজের সব ভবনে এখনও তালা ঝুলছে। ফলে কলেজের প্রশাসনিক কাজকর্মে জটিলতা সৃষ্টি হচ্ছে। আজ নতুন অধ্যক্ষ হিসাবে রংপুর বেগম রোকেয়া মহিলা কলেজের অধ্যক্ষ শফিকুল

তালা : পৃষ্ঠা : ৬ কলাম : ৭

## তালা : কলেজ

(শেষ পৃষ্ঠার পর)

ইসলামের কলেজে যোগ দেয়ার কথা রয়েছে।

সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয় থেকে তাকে আযিযুল হক কলেজের অধ্যক্ষ হিসাবে নিয়োগ দেয়ায় ছাত্রলীগ নেতা-কর্মীরা বিক্ষোভে ফেটে পড়ে। প্রফেসর শফিকুল ইসলামের নিয়োগ বাতিল করে আযিযুল হক কলেজের সিনিয়র প্রফেসর হাবিবা বেগমকে অধ্যক্ষ হিসাবে নিয়োগ দেয়ার দাবিতে গত বুধবার তারা ক্যাম্পাসে ব্যাপক ককটেল বিস্ফোরণ ঘটায় এবং আসবাবপত্র ভাংচুরের পর কলেজের সব ভবনে তালা ঝুলিয়ে দেয়। তারা যেকোন মূল্যে নিয়োগকৃত অধ্যক্ষের যোগদান ঠেকানোর ঘোষণা দিয়েছে। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আবদুর রউফ জানিয়েছেন, ছাত্রলীগ নেতারা তালা খুলে দিতে সম্মত হয়েছেন এবং রোববার নতুন অধ্যক্ষ হিসাবে প্রফেসর শফিকুল ইসলাম কলেজে যোগদান করতে পারেন।